গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
সেইফটি অধিশাখা
শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

"সুস্থ শ্রমিক, শোভন কর্মপরিবেশ;
গড়ে তুলবে স্মার্ট বাংলাদেশ"

বিষয়: "complaint committee" এর জুলাই, ২০২৪ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোছাঃ জুলিয়া জেসমিন<br>যুগ্ম মহাপরিদর্শক |
| সভার তারিখ | ৩০ জুলাই, ২০২৪ খ্রি: |
| সভার সময় | দুপুর ২:০০ ঘটিকা |
| স্থান | যুগ্ম মহাপরিদর্শক, স্বাস্থ্য অধিশাখা এর কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি মহোদয় নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে গঠিত "complaint committee"র সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই হাইকোর্টের রীট পিটিশন নং ৫৯১৬/২০০৮ এর রায়ের আলোকে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ে গঠিত "complaint committee" এর সার্বিক কার্যক্রমসহ বর্তমান অবস্থা বর্ণনা করেন।

২। সভাপতি মহোদয় ও প্রধান কার্যালয়ের এ কমিটির আহ্বায়ক সভায় অবগত করেন যে, প্রধান কার্যালয়সহ উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের কর্মকর্তাদের মধ্যে কর্মক্ষেত্রে নারীর প্রতি যৌন হয়রানি প্রতিরোধ বিষয়ে স্বচ্ছ ধারণা ও সচেতনতা সৃষ্টিকরণে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আয়োজনে প্রশিক্ষণ পরিচালনা করা হবে। উক্ত প্রশিক্ষণ আয়োজনে তিনি বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর সহযোগিতা কামনা করেন।

জবাবে, জনাব মাহবুবা আক্তার, পরিচালক, এডভোকেসী এন্ড কমিউনিকেশন, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) বলেন যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আয়োজিত প্রশিক্ষণে ব্লাস্ট প্রয়োজনীয় সহযগিতা প্রদান করবে।

৩। জনাব মোঃ তাওহীদুল হক ভূঁইয়া, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে নারীর প্রতি যৌন হয়রানি নিরসন ও প্রতিরোধে একটি SOP এর প্রয়োজনীয়তা তুলে ধরেন।

সভাপতি মহোদয় ও প্রধান কার্যালয়ের এ কমিটির আহ্বায়ক একমত পোষণ করেন ও খসড়া SOP চুড়ান্তকরণে কর্মশালা আয়োজনে ব্লাস্টের সহযোগিতা কামনা করেন।

৪। সভাপতি মহোদয় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের "complaint committee"র কার্যক্রম বিষয়ক ২০২৩ সালের প্রস্তুতকৃত বার্ষিক প্রতিবেদন চুড়ান্তকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে কমিটির সদস্য সচিবকে নির্দেশনা প্রদান করেন।

৫। সভাপতি মহোদয় আরো বলেন যে, প্রধান কার্যালয়ের "complaint committee" তে জনাব এস এম জিসান, উপমহাপরিদর্শক ও জনাব মোঃ মাসুম বিল্লাহ, আইন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো অপ্ট করে কমিটি পুনর্গঠন করতে হবে।

সিদ্ধান্তসমূহঃ

১। প্রধান কার্যালয় ও উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের কর্মকর্তাদের নিয়ে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আয়োজনে প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

২। নারীর প্রতি যৌন হয়রানি নিরসন ও প্রতিরোধে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জন্য প্রস্তুতকৃত SOP এর খসড়া উপমহাপরিদর্শকের কার্যালয়ের কর্মকর্তাদের নিয়ে একটি ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে চুড়ান্ত করতে হবে।

৩। ২০২৩ সালের বার্ষিক প্রতিবেদন চুড়ান্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। প্রধান কার্যালয়ের "complaint committee" তে ২ জন সদস্য- জনাব এস এম জিসান, উপমহাপরিদর্শক ও জনাব মোঃ মাসুম বিল্লাহ, আইন কর্মকর্তাকে কো অপ্ট করে কমিটি পুনর্গঠন করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৮/২০২৪

মোছাঃ জুলিয়া জেসমিন
যুগ্ম মহাপরিদর্শক
healthwing.dife@gmail.com

তারিখ: ০৭.০৮.২০২৪

**নম্বর:** ৪০.০১.০০০০.১০২.১৮.০০৬.৭১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। যুগ্ম মহাপরিদর্শক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা/স্বাস্থ্য/সেইফটি/সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়;
২। উপমহাপরিদর্শক (সাধারণ/ মনিটরিং ও মূল্যায়ন/অর্থ ও হিসাব/মানবসম্পদ/প্রশাসন/স্বাস্থ্য/সেইফটি/আইএসইউ)
৩। উপমহাপরিদর্শক (৩১ কার্যালয়), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
৪। জনাব মাহবুবা আক্তার, পরিচালক, এডভোকেসী এন্ড কমিউনিকেশন, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট);
৫। এডভোকেট হাসিনা খানম, লিগ্যাল অফিসার, সেফটি এন্ড রাইটস সোসাইটি;
৬। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
৭। সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮। সহকারী মহাপরিদর্শক (সাধারণ), সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
৯। সহকারী মহাপরিদর্শক (সেফটি) ,সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;

১০। সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য), শৃঙ্খলা ও তদন্ত উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
১১। অফিস কপি।

০৭/০৮/২০২৪

মোছাঃ জুলিয়া জেসমিন
যুগ্ম মহাপরিদর্শক